

বে  
তা  
ল  
ক  
স  
ত্বে  
র



কটিয়াদী (কিশোরগঞ্জ) : বেতাল উচ্চ বিদ্যালয়ে শ্রেণীকক্ষ ও বেঞ্চের অভাবে ছাত্র-ছাত্রীরা বাইরে দাঁড়িয়ে ক্লাস করছে - ইন্ডেক্স

## অবস্থা বেতাল

কটিয়াদী (কিশোরগঞ্জ) থেকে সংবাদদাতা ॥ উপজেলার বেতাল উচ্চ বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। ১৯৭২ সনে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। ১৫ জন শিক্ষক, ৪ জন কর্মচারী ও ৬শ ৫০ জন ছাত্র-ছাত্রী রয়েছে বিদ্যালয়টিতে।

ছাত্র-ছাত্রীদের প্রয়োজন অনুযায়ী শ্রেণী কক্ষ নেই। ফলে প্রতিদিন ছাত্র-ছাত্রীদের বাইরে খোলা মাঠে দাঁড়িয়ে ক্লাস করতে হচ্ছে। আধা পাকা মূল ভবনের টিনের চাল দিয়ে সামান্য বৃষ্টি হলেই পানি পড়ে। এদিকে ১৯৯৭ সনে ফ্যাসিলিটিস বিভাগ

কর্তৃক ১০ লাখ টাকা ব্যয়ে একটি ভবন নির্মাণ করা হলেও উহার ছাদ দিয়ে পানি পড়ে। ভবনের বিভিন্ন অংশে ফাটল দেখা দিয়েছে। শ্রেণীকক্ষে প্রয়োজনীয় বেঞ্চ নেই। আসবাবপত্র ও বিজ্ঞানাগারে বিভিন্ন যন্ত্রপাতির অভাব রয়েছে।